ব্রিটেনে গত ২৪ ঘণ্টায় মৃত্যু ৮৮৭ জনের

বৃটেনে করোনাভাইরাসে আক্রান্ত হয়ে গত ২৪ ঘণ্টায় আরও ৮৮৭ জনের মৃত্যু হয়েছে। বুধবার এ সংখ্যা ছিল ৯৩৮ জন। যুক্তরাজ্যে মোট মৃতের সংখ্যা দাঁড়িয়েছে ৭,৯৮৪ জন।

গত ২৪ ঘণ্টায় ইংল্যান্ডে মারা গেছেন ৭৬৫ জন, স্কটল্যান্ডে ৮১ জন এবং ওয়েলসে ৪১ জন। এই তালিকায় নর্দান আয়ারল্যান্ডের মৃতের তালিকা যুক্ত হয়নি।

এদিকে, আগামী আগস্ট মাসের মধ্যে যুক্তরাজ্যে করোনাভাইরাসে আক্রান্ত হয়ে ৬৬ হাজার ৩১৪ জন মানুষের মৃত্যু হবে বলে মার্কিন গবেষকরা ধারণা করছেন।

মঙ্গলবার যুক্তরাষ্ট্রের ইউনিভার্সিটি অব ওয়াশিংটনের স্কুল অব মেডিসিনের ইনস্টিটিউট অব হেলথ মেট্রিক্স অ্যান্ডইভালুয়েশনের গবেষকরা এক গবেষণাপত্রের মাধ্যমে এ তথ্য জানিয়েছেন। খবর সিএনএন।

তবে যুক্তেরাজ্যের বিজ্ঞানীরা এ ধরনের অনুমান নিয়ে দ্বিমত পোষণ করেছেন।

তারা বলছেন, মহামারি নিয়ন্ত্রণে এরই মধ্যে সরকারের নেয়া পদক্ষেপ প্রাণহানির হাত থেকে রক্ষা করবে দেশটিকে।

লন্ডন ইম্পিরিয়াল কলেজের এক গবেষণা বলছে, লকডাউন ও সামাজিক দূরত্ব বজায় রাখার মতো উদ্যোগের কারণে দেশটিতে করোনায় মৃতের সংখ্যা ২০ থেকে ৩০ হাজারের মতোই সীমাবদ্ধ থাকবে।

হাসপাতালের থাকা ব্রিটিশ প্রধানমন্ত্রী বরিস জনসনের অবস্থার উন্নতি হচ্ছে বলে জানিয়েছেন চ্যান্সলার রাশি সুনাক।

বিডি প্রতিদিন

কাজ না করলেও শতভাগ বেতন পাবেন সিঙ্গাপুরের বাংলাদেশি শ্রমিকরা

সিঙ্গাপুরে ‘সার্কিটব্রেকার কর্মসূচি’র আওতায় সিঙ্গাপুরে সব ধরনের নির্মাণ কাজ বন্ধ রাখা হয়েছে। তবে বাংলাদেশি শ্রমিকদের সম্পূর্ণ বেতনসহ আনুষঙ্গিক সুবিধা বহাল রাখা হয়েছে। তাছাড়া সকল শ্রমিককে বিনা মূল্যে খাবার ও চিকিৎসা সুবিধা প্রদান করা হচ্ছে ।

সিঙ্গাপুরের পররাষ্ট্রমন্ত্রী ভিভিয়ান বালাকৃষনান বৃহস্পতিবার পররাষ্ট্রমন্ত্রী ড. এ. কে. আব্দুল মোমেনের সঙ্গে ফোনে আলাপকালে এসব কথা বলেন। সূত্র- যুগান্তর

সর্বশেষ প্রাপ্ত তথ্যানুযায়ী, সিঙ্গাপুরে ১৪৮১ জন করোয়ায় আক্রান্তের মধ্যে ২৪৪ জন বাংলাদেশি। আরও বেশকিছু সংখ্যক বাংলাদেশিকে কোয়ারেন্টিনে রাখা হয়েছে। তাদের চিকিৎসাসহ সার্বিক তত্ত্বাবধানে সবধরনের ব্যবস্থা গ্রহণ করছে সিঙ্গাপুর।

এসময় আরো জানানো হয়, সিঙ্গাপুরে প্রথম আক্রান্ত ৫ জনের মধ্যে ৪ জনই এখন সুস্থ। গুরুতর অসুস্থ একজনের অবস্থারও উন্নতি হয়েছে।

সিঙ্গাপুরে এক বাংলাদেশি করোনাভাইরাসে আক্রান্ত

সিঙ্গাপুরে তিনজন নতুন করে করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন। এদের মধ্যে একজন বাংলাদেশের এবং অন্য দুজন সিঙ্গাপুরের নাগরিক। করোনাভাইরাস–আক্রান্ত তিনজনের কারও সম্প্রতি চীন সফরের অভিজ্ঞতা নেই।

সিঙ্গাপুরের স্বাস্থ্য মন্ত্রণালয়ের বরাত দিয়ে দ্য স্ট্রেইট টাইমস আজ রোববার এ খবর জানিয়েছে।

সিঙ্গাপুর থেকে বাংলাদেশের হাইকমিশনার মো. মোস্তাফিজুর রহমান বাংলাদেশের এক নাগরিকের করোনাভাইরাসে আক্রান্ত হওয়ার খবরটি করেছেন।

মোস্তাফিজুর রহমান এই প্রতিবেদককে বলেন, ‘সিঙ্গাপুরের কর্তৃপক্ষ বাংলাদেশের এক কর্মীর করোনাভাইরাসে আক্রান্ত হওয়ার তথ্য আমাদের জানিয়েছেন। নিরাপত্তার খাতিরে ৩৯ বছরের ওই বাংলাদেশির পরিচয় সম্পর্কে বিস্তারিত কিছু জানায়নি। আশা করছি, সোমবারের মধ্যে তাঁর সম্পর্কে বিস্তারিত জানতে পারব।

এ মুহূর্তে ভাইরাস–আক্রান্ত ওই বাংলাদেশিকে ন্যাশনাল সেন্টার ফর ইনফেকশাস ডিজিস বা এনসিআইসিডিতে কোয়ারেন্টাইনে রাখা হয়েছে। তাঁর স্বাস্থ্যের সবশেষ পরিস্থিতির ওপর নির্ভর করে প্রয়োজনীয় যা যা করার, হাইকমিশনের পক্ষ থেকে তা করা হবে।’

দ্য স্ট্রেইট টাইমসের খবরে বলা হয়েছে, ভাইরাসের লক্ষণ বুঝতে পেরে বাংলাদেশের ওই কর্মী ৩ ফেব্রুয়ারি সাধারণ একটি ক্লিনিকে যান। ৫ ফেব্রুয়ারি তিনি চিকিৎসকের পরামর্শ নিতে যান চেঙ্গি জেনারেল হাসপাতালে। ৮ ফেব্রুয়ারি নানা পরীক্ষা-নিরীক্ষা শেষে করোনাভাইরাসে তাঁর আক্রান্তের বিষয়টি চিকিৎসকেরা নিশ্চিত করেন। পরে তাঁকে এনসিআইসিডিতে পাঠানো হয়।

সূত্র: প্রথমআলো